# 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৬১১

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত্যু কামনা ও মৃত্যুকে স্মরণ করা

### আরবী

وَعَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ خَالِدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَوْتُ الْفُجَاءَةِ أَخْذَةُ الْأَسَفِ» . رَوَاهُ أَبُو دَاوُد وَزَادَ الْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ وَرَزِينٌ فِي كِتَابِهِ: «أَخْذَةُ الأسف لِلْكَافِرِ وَرَحْمَةَ لِلْمُؤْمِنِ»

### বাংলা

১৬১১-[১৪] ’উবায়দুল্লাহ ইবনু খালিদ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আকস্মিক মৃত্যু (আল্লাহর গযবের) পাকড়াও। (আবূ দাঊদ; বায়হাক্বী’র শু’আবুল ঈমানে এবং রযীন তাঁর কিতাবে অতিরিক্ত করে নকল করেছেন যে, আকস্মিক মৃত্যু কাফিরের জন্য গযবের পাকড়াও। কিন্তু মু’মিনের জন্য রহমত।)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩১১০, আহমাদ ১৭৯২৪, সহীহ আল জামি‘ আস্ সগীর ৬৬৩১। তবে রযীনের অংশটুকু য‘ঈফ। আহমাদ ২৪৬২১, য‘ঈফ আল জামি‘ আস্ সগীর ৫৮৯৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হঠাৎ মৃত্যু আল্লাহর গযব স্বরূপ, কেননা এ মৃত্যু মৃত ব্যক্তিকে তাওবার মাধ্যমে আখিরাতের প্রস্তুতি গ্রহণের সুযোগ দেয় না। হাদীসটি খাস কাফিরদের ক্ষেত্রে প্রযোজ্য যা অন্য হাদীস দ্বারা প্রমাণিত।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56171

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন